মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৬০ অসহায় নারীর মাঝে সেলাই মেশিন বিতরণ

আত্মকর্মসংস্থান সৃষ্টি ও অসচ্ছল পরিবারগুলোকে স্বাবলম্বী করে তোলার লক্ষ্যে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে ৬০টি অসহায় পরিবারের মাঝে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।

সোমবার গাংনী উপজেলা মিলনায়তনে ‘সেলাই মেশিন বিতরণ-২০২৬’ শীর্ষক অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে উপকারভোগীদের হাতে এসব সেলাই মেশিন তুলে দেওয়া হয়।

জেলা পরিষদের নির্বাহী কর্মকর্তা এইচ. এম. সালাউদ্দীন মনজুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সভাপতি জাভেদ মাসুদ মিল্টন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার (অতিরিক্ত দায়িত্ব) মো. নাবিদ হোসেন।

অনুষ্ঠানে ৬০ জন অসহায় ও হতদরিদ্র নারীর হাতে সেলাই মেশিন তুলে দেওয়া হয়। বক্তারা বলেন, পিছিয়ে পড়া ও দুস্থ নারী-পুরুষকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী করে তুলতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। সেলাই মেশিন কাজে লাগিয়ে উপকারভোগীরা নিজেদের কর্মসংস্থান সৃষ্টি, পারিবারিক আয় বৃদ্ধি এবং জীবিকা নির্বাহে সক্ষম হবেন বলে আশাবাদ ব্যক্ত করেন তারা।

জেলা পরিষদের প্রধান সহকারী জাহিদুর রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন গাংনী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রোকনউদ্দিন, গাংনী উপজেলা বিএনপির সাবেক সভাপতি রেজাউল হক, উপজেলা বিএনপির সভাপতি আলফাস উদ্দিন কালু, পৌরসভা বিএনপির সাধারণ সম্পাদক শহিদুর রহমান, জেলা পরিষদের অন্যান্য কর্মকর্তা, স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং উপকারভোগী পরিবারের সদস্যরা।

সেলাই মেশিন পেয়ে উপকারভোগী অসহায় নারীরা জেলা পরিষদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

মেহেরপুরে অসহায় ও দরিদ্রদের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ

মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা’র উদ্যোগে অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ করা হয়েছে।

সংস্থার সভাপতি মো. শফিকুল ইসলাম কান্তের নির্দেশনায় সদর উপজেলার আমদহ ইউনিয়নের বামনপাড়া গ্রামে বিভিন্ন এলাকার অসহায় ও দরিদ্র পরিবারের মাঝে এ খাদ্যসামগ্রী বিতরণ করা হয়।

আজ রোববার (৩০ আগস্ট) বিকেলে বামনপাড়া গ্রামে এ মানবিক সহায়তা কার্যক্রম পরিচালনা করা হয়। সামাজিক দায়বদ্ধতা থেকে অস্বচ্ছল মানুষের কষ্ট লাঘব করতে এ উদ্যোগ নেওয়া হয়েছে।

সংস্থার নির্বাহী কর্মকর্তারা ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত থেকে দরিদ্র মানুষের হাতে চাল, ডাল, তেল, আটা ও লবণের মতো নিত্যপ্রয়োজনীয় খাদ্যসামগ্রী তুলে দেন।

এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থা, মেহেরপুরের সাধারণ সম্পাদক মো. রাজু হোসেন। তিনি বলেন, “সমাজের পিছিয়ে পড়া মানুষের পাশে দাঁড়ানো আমাদের সবার নৈতিক দায়িত্ব। ভবিষ্যতে সমাজের বিত্তবানরা এগিয়ে এলে এ ধরনের সহায়তা কার্যক্রম আরও বড় পরিসরে পরিচালনা করা সম্ভব হবে।”

খাদ্যসামগ্রী পেয়ে স্থানীয় দুস্থ ও অসহায় মানুষেরা আনন্দ প্রকাশ করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমাজসেবক ও মুজিবনগর সামাজিক উন্নয়ন সংস্থার সদস্য মো. জাহারুল ইসলাম।
এ ছাড়া উপস্থিত ছিলেন সংস্থার নির্বাহী সদস্য কুলসুম খাতুন, সদস্য শেখ জাহিমাসহ অন্যান্য সদস্য।

মেহেরপুরে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ

মেহেরপুরে আল হিকমাহ ইসলামী পাঠাগারের উদ্যোগে দুস্থ ও অসহায় পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে শহরের ক্যাশবপাড়ায় অবস্থিত আল হিকমাহ ইসলামী পাঠাগারের কার্যালয়ে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। পাঠাগারের পরিচালক রওশন আরার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাঠাগারের উপদেষ্টা আব্দুল লতিফ, সাইনা আক্তার রুপা, মোঃ শামসুল ইসলামসহ অন্যান্যরা।

এসময় এলাকার শতাধিক দুস্থ পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

কর্তৃপক্ষ জানায়, অসহায় মানুষের পাশে দাঁড়াতে এ ধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

মেহেরপুরে অসহায়দের মাঝে ঈদের বাজার সামগ্রী বিতরণ

মেহেরপুরে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের উদ্যোগে “ঈদের খুশি প্রতিটি ঘরে” শীর্ষক মানবিক কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

কর্মসূচির আওতায় সংগঠনের স্বেচ্ছাসেবীরা মেহেরপুরের অতিদরিদ্র ও অসহায় পরিবারগুলো চিহ্নিত করে তাদের বাড়িতে গিয়ে ঈদের বাজার সামগ্রী বিতরণ করেন। এই আয়োজন সম্পন্ন করতে স্বেচ্ছাসেবীরা

তহবিল সংগ্রহের মাধ্যমে উপহার সামগ্রী প্রস্তুত করেন। উপহার সামগ্রীর মধ্যে ছিল গরুর মাংস, পোলাও চাল, ডাল, সয়াবিন তেল, চিনি, মসলা, গুঁড়া দুধ ও আলু।

উদ্বোধনী অনুষ্ঠানে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক সৈয়দ মাহফুজুর রহমান বলেন, “জনস্বার্থে আমাদের মানবিক কার্যক্রম অব্যাহত থাকবে। মানুষের দোয়া ও সমর্থনই আমাদের এগিয়ে যাওয়ার প্রেরণা।”

এ সময় উপস্থিত ছিলেন ফান্ডরাইজিং অ্যান্ড গ্রান্ট ম্যানেজমেন্ট বিভাগের আহমেদ হোসাইন, মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের বৃষ্টি মুন্সি, হিউম্যান রিসোর্স বিভাগের আনাস আহমেদ ও আলফিও বালা, হেড অব কো-অর্ডিনেটর মুবারক হোসাইন, পাবলিক রিলেশনস বিভাগের নাসিম আহমেদ, সুমাইয়া শিমু, শেখ সাকিবসহ আরও অনেকে।

সংগঠনটি দীর্ঘদিন ধরে সমাজের অবহেলিত ও অসহায় মানুষের পাশে দাঁড়িয়ে মানবিক কর্মকাণ্ড চালিয়ে আসছে।

মেহেরপুরে অসহায় মানুষের মাঝে জেলা পরিষদের আর্থিক সহায়তা বিতরণ

মেহেরপুরে জেলা পরিষদের অনুদান খাতের অর্থের মাধ্যমে অসুস্থ ও অসহায় মানুষের মাঝে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

সোমবার সকালে জেলা পরিষদের মিলন আয়তনে অনুষ্ঠিত অনুষ্ঠানে ৮০ জন সুবিধাবঞ্চিত মানুষের হাতে এ আত্মিক সহায়তা তুলে দেওয়া হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও জেলা পরিষদের প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। এ সময় জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ গোলাম জাকারিয়া, নির্বাহী কর্মকর্তা মোঃ সামিউল হক, উচ্চমান সহকারী শাহিন ইকবালসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

ঝিনাইদহে সাড়ে ৭ হাজার অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহে সাড়ে ৭ হাজার দরিদ্র-অসহায় পরিবারের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ করা হয়েছে।

আজ শুক্রবার সকালে শহরের আরাপপুরে জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ ও জোহান পরিবারের পক্ষ থেকে এ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

সকালের প্রথম প্রহর থেকেই শহরের বিভিন্ন এলাকা থেকে নারী-পুরুষ ও বয়স্ক মানুষ খাদ্য সহায়তা নিতে আরাপপুর এলাকায় জড়ো হন। অনেকেই দীর্ঘ লাইনে দাঁড়িয়ে খাদ্য সামগ্রী সংগ্রহ করেন। আয়োজকদের পক্ষ থেকে প্রতিটি পরিবারের জন্য ৮ কেজি চাল, ১ কেজি চিনি এবং আধা কেজি সেমাই প্রদান করা হয়, যা পেয়ে উপকারভোগীরা সন্তুষ্টি প্রকাশ করেন।

আয়োজকরা জানায়, সমাজের অসহায় ও নিম্নআয়ের মানুষের সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে নিতেই এই উদ্যোগ নেওয়া হয়েছে। ভবিষ্যতেও এ ধরনের মানবিক

কার্যক্রম অব্যাহত থাকবে বলেও তারা জানান।

জন্মগত প্রতিবন্ধী অসহায় মুসলিমার প্রতি বিত্তবানদের সহায়তার আহ্বান

জন্মগত প্রতিবন্ধী অসহায় মুসলিমা খাতুনের জন্য মানবিক সহায়তার আহ্বান জানিয়েছেন তার পরিবার ও স্থানীয়রা।

চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার হাটবোয়ালিয়া গ্রামের মৃত ছাকারদ্দীন ও মৃত বিলকিস রাবেয়ার মেয়ে মুসলিমা খাতুন জন্মগতভাবে প্রতিবন্ধী। বর্তমানে তার বয়স প্রায় ৩৮ বছর। দীর্ঘদিন ধরে মা- বাবাহীন অবস্থায় মানবেতর জীবনযাপন করছেন তিনি।

জানা যায়, মুসলিমা খাতুন খুব ছোট বয়সেই মায়ের স্নেহ হারান। তার মা বিলকিস রাবেয়া দীর্ঘদিন ব্লাড ক্যান্সারে আক্রান্ত থাকার পর ২০০০ সালে মৃত্যুবরণ করেন। মায়ের মৃত্যুর পর বাবার স্নেহেই কোনোভাবে দিন কাটছিল। কিন্তু ২০০৯ সালে তার বাবা ছাকারদ্দীনও মারা যান। এরপর থেকে সম্পূর্ণ অসহায় হয়ে পড়েন মুসলিমা।

মা-বাবার মৃত্যুর পর প্রায় ২৩ বছর ধরে তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের শিমুলতলা গ্রামে তার নানাবাড়িতে বসবাস করছেন। সেখানে বৃদ্ধ নানির তত্ত্বাবধানে কোনোভাবে দিন পার করছেন। তবে বয়সের ভারে নানি এখন আর আগের মতো দেখাশোনা করতে পারেন না। ফলে প্রতিবন্ধী মুসলিমার জীবনযাপন দিন দিন আরও কষ্টকর হয়ে উঠছে।

জন্মগত প্রতিবন্ধকতার কারণে মুসলিমা খাতুন স্বাভাবিকভাবে চলাফেরা করতে পারেন না এবং কোনো ধরনের কাজ করাও তার পক্ষে সম্ভব নয়। নিজের জীবিকার কোনো উপায় না থাকায় অন্যের সহানুভূতি ও সাহায্যের ওপর নির্ভর করেই তার দিন কাটছে। আর্থিক সংকটের কারণে চিকিৎসা, খাবার ও দৈনন্দিন প্রয়োজনীয় জিনিসপত্র জোগাড় করতেও তাকে চরম কষ্টে পড়তে হচ্ছে।

স্থানীয়দের মতে, সামান্য সহযোগিতা ও সমাজের মানবিক মানুষের সহায়তা পেলে মুসলিমা খাতুনের জীবন কিছুটা হলেও স্বস্তি পেতে পারে।

মুসলিমার ভাই সেলিম বাবু সমাজের বিত্তবান ব্যক্তি, জনপ্রতিনিধি, সামাজিক ও মানবিক সংগঠনসহ সকল হৃদয়বান মানুষের কাছে অসহায় জন্মগত প্রতিবন্ধী মুসলিমা খাতুনের পাশে দাঁড়ানোর জন্য মানবিক সহায়তার আহ্বান জানিয়েছেন।

এলাকাবাসীর আশা, মানবিক সহায়তা পেলে অসহায় মুসলিমা খাতুনের জীবনে নতুন করে বাঁচার আশা জাগবে।

মেহেরপুরের খোকসা গ্রামে অসহায়দের মাঝে কম্বল বিতরণ

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামে খোকসা যুব সংঘের উদ্যোগে শীতার্ত ও দুস্থ মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার রাত ৮টায় খোকসা যুব সংঘের কার্যালয় প্রাঙ্গণে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। প্রথমে সংগঠনের কার্যালয়ে কিছু কম্বল বিতরণ করা হয়। পরে সংগঠনের সদস্যরা খোকসা গ্রামের বিভিন্ন এলাকায় গিয়ে অসহায় ও দুস্থ মানুষের বাড়িতে বাড়িতে সরাসরি কম্বল পৌঁছে দেন।

অনুষ্ঠানে খোকসা যুব সংঘের সভাপতি শামসুজ্জামান হামিদুল-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, যুব সংঘের উপদেষ্টা ও খোকসা কেন্দ্রীয় জামে মসজিদের সেক্রেটারি সামসুজ্জোহা হামিদুল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন লুৎফর রহমান, সহ-সভাপতি আদম, যুব সংঘের সেক্রেটারি মো. সেলিম রেজা এবং আব্দুল হামিদ।

এছাড়াও উপস্থিত ছিলেন সংগঠনের অর্থ সম্পাদক শরিফুজ্জামান টুটুল, সহ-সাধারণ সম্পাদক হেলাল, সাংগঠনিক সম্পাদক আবিরসহ নাজমুল, আজাদ, জমিরুল ইসলাম, সুমন, জামান, মাসুম রেজা, জিহাদ, ছবেদ, তারিক, নাইম, সিজান প্রমুখ।

খোকসা যুব সংঘের পক্ষ থেকে জানানো হয়, শীতার্ত মানুষের পাশে দাঁড়াতে ভবিষ্যতেও এ ধরনের মানবিক ও সামাজিক কার্যক্রম অব্যাহত রাখা হবে।

দুস্থ রোগীদের পাশে বিএনপি নেতা কামরুল হাসান

দুস্থ ও অসহায় মানুষের চিকিৎসা সেবা নিশ্চিত করতে গ্রামে গ্রামে ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করছেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান।

গতকাল শনিবার সকাল ১০টার দিকে এ মেহেরপুর সদর উপজেলার শোলমারী গ্রামে দিনব্যাপী মেডিক্যাল ক্যাম্পের উদ্বোধণ করেন তিনি। এর আগে গত কয়েক সপ্তাহে তিনি মেহেরপুর সদর উপজেলার বারাদী, রাইপুর, শ্যামপুরসহ কয়েকটি গ্রামের ফ্রি মেডিক্যাল ক্যাম্পের মাধ্যমে দুস্থ মানুষদের বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রাথমিক প্রয়োজনীয় ওষুধের ব্যবস্থা করেছেন।

কুষ্টিয়া ল্যাব কেয়ারের যৌথ ব্যবস্থাপনায় আয়োজিত ক্যাম্পে ১০ থেকৈ ১২ জন বিশেষজ্ঞ চিকিৎসক প্রতিটি মেডিক্যাল ক্যাম্পে প্রায় ২ শতাধিকের বেশি সাধারণ মানুষকে চিকিৎসা সেবা দেন। একই সঙ্গে প্রাথমিক ও প্রয়োজনীয় ওষুধও বিনামূল্যে বিতরণ করা হয়।

চিকিৎসা নিতে আসা শোলমারীর গ্রামের বাসিন্দা মোছাঃ পারভিনা খাতুন বলেন, আমি দীর্ঘদিন ধরে অসুস্থ, কিন্তু আর্থিক কষ্টের কারণে ডাক্তারের কাছে যেতে পারিনি। আজ এখানে এসে বিনামূল্যে চিকিৎসা পেয়েছি, ওষুধও দিয়েছে। এজন্য আমি ধন্যবাদ জানাই।

চিকিৎসা নিতে আসা আব্দুল গফুর জানান, সারাদিন রিকশা চালিয়ে সংসার চালাই, ডাক্তার দেখানোর মত টাকা গোছাতে পরিনি। যেকারণে ডাক্তার দেখানোর সুযোগ হয় না। আজ বিনা পয়সায় ডাক্তার দেখাতে পারছি, খুব ভালো লাগছে।